

ভিতর বাহির অন্তরে অন্তরে

দেবায়ুধ চট্টোপাধ্যায়

তোমার শিয়রে কোজাগরী রেখে যাবো
আশ্বিনভেজা ঠোঁটে মেখে দেবো চাঁদ
আমাকে যখন কলঙ্ক রেখা ভাবো
আমি তো নিঃস্ব দহনের অবসাদ

আমাকে যখন স্বপ্নের স্রোত থেকে
ডেকে তুলে এনে নিবিড়ে আপন করো
তোমার গভীরে গোপন ডাইরি লেখে
আমার যা কিছু প্রলাপ রুম্ফতর

অন্ধ তমসা মত্নয়ার উল্লাসে
অসুখের মোহে যে সুখ বাড়ালো গতি
দু'য়েক পশলা স্পৃহা চলে তার গ্লাসে
শিরায় বাড়ছে বহতা কংসাবতী

পাথরের বড়ো কাছে ঝুঁকে আছে মেঘ
ছায়ার গন্ধে জাপটে ধরেছি তাকে
তোমার অতনু রোদ্দুরঝরা পেগ
আমাকে ঘুমের গহ্বরে এসে ডাকে

জেগে উঠে মাখি বহতা নদীর চাঁদ
নদীভরা ঢেউ, ঢেউয়ে ভাসে কোজাগরী
শ্মশানে ধুঁকছে মৃন্ময়ী অবসাদ
ঈশ্বর খোঁজে নেশাতুর ঈশ্বরী... ॥

English Translation

Inside you, Outside you

Debayudh Chatterjee

I'll leave a sky right beside your bed
And feed you with the autumnal moon
With all my sins as you've moved ahead
My exile burnt a little too soon

When you awaken me from an abyss of dreams
And draw me closer, inside and out
My desolate demons, eccentric, as they seem
Scribble on your soul my despairs devout

Blind and dark, in the forests of fire
The malady that spreads its butterfly wings
Drops into my goblet a fatal desire
That streams like veins in vanquished beings

Too close to the rocks, the clouds steep down
The fume of shadows welcomes them home
Shots of sunlight, your Sunday gown
Calls me abroad and aimless as I roam

I see the moon fall dead on your waters
The night ebbs slowly and swells the tide
The Gods greet their nymphs with forbidden laughter
Deeper I drown, without problems or pride...

Translated from the Original Bengali by the poet